

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/ইউপি-১১/২০০৮(অংশ-১)-৩০০

তারিখ : ৩০ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।
১৩ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : মাদারীপুর জেলার রাইজের উপজেলার কদমবাড়ি ইউনিয়নের আড়ুয়াকান্দির বাবু কুমুদ রঞ্জন ঠাকুরের বাড়ি হতে পুকুরিয়া সড়ক পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য ২.৭৫ শতাংশ জমি ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা অধিগ্রহণের প্রশাসনিক অনুমোদন প্রদান সংক্রান্ত।


সূত্র : জেলা প্রশাসক, মাদারীপুর কার্যালয়ের স্মারক নং-৫৯৯, তারিখঃ ১৩.১২.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাইজের উপজেলার কদমবাড়ি ইউনিয়নের আড়ুয়াকান্দির বাবু কুমুদ রঞ্জন ঠাকুরের বাড়ি হতে পুকুরিয়া সড়ক পর্যন্ত রাস্তা নির্মাণের জন্য ২.৭৫ শতাংশ জমি ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিলের অর্থ দ্বারা অধিগ্রহণের বিষয়ে ভূমি অধিগ্রহণ ম্যানুয়াল অনুযায়ী নিম্নোক্ত তথ্যাদি প্রয়োজনঃ

- (ক) নূন্যতম জমির প্রয়োজনীয় সংক্রান্ত প্রত্যয়নপত্র;
- (খ) প্রস্তাবিত জমির দাগসূচী (সর্বশেষ জরিপের মৌজার নাম, জেএল নম্বর, দাগ নম্বর, দাগের শ্রেণী, দাগে মোট জমির পরিমাণ, অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ;
- (গ) লে-আউট প্ল্যান;
- (ঘ) নক্সা-সর্বশেষ জরিপের নক্সায় প্রস্তাবিত জমির সীমানা লাল কালি দ্বারা চিহ্নিত করে দেখাতে হবে;
- (ঙ) প্রস্তাবিত জমির সীমানার ভিতর অধিগ্রহণযোগ্য নহে এমন ভূমি যথা-ধর্মীয় উপসনালয়, কবরস্থান, শাশান আছে কিনা, থাকিলে তা নক্সাতে ভিন্ন কালি দ্বারা চিহ্নিত করে দিতে হবে এবং সংকেতিক চিহ্ন দ্বারা নক্সায় উল্লেখ করে দিতে হবে;
- (চ) প্রকল্পের জন্য আর্থিক মঞ্জুরি কিংবা বাজেট বরাদ্দ সংক্রান্ত প্রমাণপত্র।

০২। এমতাবস্থায়, রাইজের উপজেলার কদমবাড়ি ইউনিয়নের আড়ুয়াকান্দির বাবু কুমুদ রঞ্জন ঠাকুরের বাড়ি হতে পুকুরিয়া সড়ক পর্যন্ত কদমবাড়ী ইউনিয়ন পরিষদের রাস্তাটি উন্নয়নের লক্ষ্যে ২.৭৫ শতাংশ জমি অধিগ্রহণ বিষয়ে উল্লিখিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
মাদারীপুর।

অনুলিপিঃ

✓ সহকারী প্রোগ্রামার,

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।